বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৫২

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯
০৩ অক্টোবর ২০২২

# পরিপত্র-৪

বিষয় : **জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য ও সদস্য পদে নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ, নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ এবং ভোটকেন্দ্র ও ভোটকক্ষে মোবাইল ফোন নিষিদ্ধকরণ ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য ও সদস্য পদের নির্বাচনের জন্য ইতোমধ্যে তফসিল ঘোষণা করা হয়েছে। তফসিল ঘোষণার পর পর জেলা পরিষদ আইন, ২০০০ ও জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধান অনুসারে ভোটকেন্দ্র স্থাপন ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেয়া হয়েছে। ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা অনুসারে প্রত্যেক ওয়ার্ডের জন্য ১টি ভোটকেন্দ্র ও প্রয়োজনীয় সংখ্যক ভোটকক্ষ স্থাপন করতে হবে। ভোটকেন্দ্রে ভোটগ্রহণের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সুষ্ঠুভাবে ভোটগ্রহণ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ভোটকেন্দ্র ও ভোটকক্ষে মোবাইল ফোন নিষিদ্ধকরণসহ আরও কতিপয় বিষয়ে বিশেষ পদক্ষেপ গ্রহণ করার প্রয়োজন রয়েছে।

২। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্তুত:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৮ অনুসারে রিটার্নিং অফিসারগণ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্তুত করে প্যানেলভুক্ত কর্মকর্তা-কর্মচারীদের তালিকার একটি কপি নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

৩। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ**: জেলা পরিষদ নির্বাচনে ব্যবহৃতব্য ভোটকেন্দ্রের তালিকা প্রেরণের পর পরই রিটার্নিং অফিসারকে জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর ৮ বিধি অনুসারে প্রস্তুতকৃত প্যানেল হতে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন করে প্রিজাইডিং অফিসার এবং প্রয়োজনীয় সংখ্যক সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের কাজ সম্পন্ন করতে হবে। জেলা পরিষদ নির্বাচনে প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তাদানের জন্য প্রতিটি ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দুইজন পোলিং অফিসার নিয়োগ করতে হবে।

৪। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নীতিমালাঃ** জেলা পরিষদ নির্বাচনের দায়িত্বপালনের জন্য নিম্নরূপভাবে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে-

**(১) প্রিজাইডিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির/প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(খ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ/সমমানের মাদ্রাসার শিক্ষকর/কর্মকর্তা;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা।

**(২) সহকারী প্রিজাইডিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদ মর্যাদা সম্পন্ন কর্মকর্তা ;

(খ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ/স্কুল/সমমানের মাদ্রাসার ডেমোনেস্ট্রেটর/কর্মকর্তা ;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা ;

(ঘ) সরকারি/সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ বিদ্যালয়/ মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক/শিক্ষক/সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

**(৩) পোলিং অফিসারঃ**

(ক) সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত/আধা স্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ; এবং

(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক।



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৫। **অতিরিক্ত ভোটগ্রহণ কর্মকর্তা ও মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** ভোটগ্রহণের দিন, ভোটকেন্দ্রে যেন ভোটগ্রহণ কর্মকর্তার স্বল্পতা না হয়, সে জন্য প্রতিটি পদে অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার পদে অতিরিক্ত ৫% রিজার্ভ হিসেবে নিয়োগ করতে হবে। যে সকল ভোটকেন্দ্রে মহিলা ভোটারগণ ভোট প্রদান করবেন, সে সকল ভোটকেন্দ্রের জন্য যথাসম্ভব মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার ও মহিলা পোলিং অফিসার যেন নিয়োগ করা যায় তদ্বিষয়ে যথাসম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। **দক্ষ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** জেলা পরিষদ নির্বাচনে প্রত্যেক জেলা পরিষদের প্রতিটি ওয়ার্ডে ১টি ভোটকেন্দ্র এবং প্রত্যেকটি ভোটকেন্দ্রে পুরুষ ভোটারদের জন্য ১টি এবং মহিলা ভোটারদের জন্য ১টি ভোটকক্ষ স্থাপন করা হবে। উক্ত ভোটগ্রহণ পরিচালনার জন্য স্বল্প সংখ্যক কর্মকর্তা কর্মচারীর প্রয়োজন হবে বিধায় অত্যন্ত দক্ষ, অভিজ্ঞ ও সরকারি অফিস বা প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক অথবা কর্মকর্তা-কর্মচারীদের ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করতে হবে। ভোটকেন্দ্রে দক্ষতা ও নিরপেক্ষতার সাথে সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনাতেই নির্বাচন প্রক্রিয়ার সফল ও সার্থক প্রতিফলন ঘটে। ফলে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের দক্ষতা ও অভিজ্ঞতার উপর বিশেষভাবে গুরুত্ব প্রদান করতে হবে। এ লক্ষ্যে উচ্চ মর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করাই সমীচীন বলে নির্বাচন কমিশন মনে করে। নির্বাচন কমিশন আশা করে যে, যেহেতু জেলা পরিষদ নির্বাচনে ভোটকেন্দ্রের সংখ্যা সীমিত, সেহেতু সুষ্ঠু ও সুন্দর পরিবেশে দক্ষতার সাথে নির্বাচনি কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে দক্ষতা, অভিজ্ঞতা, নিরপেক্ষতার প্রতি লক্ষ্য রেখে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করার জন্য বিশেষ গুরুত্ব দিতে হবে। তবে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগের ক্ষেত্রে অব্যশই বয়সের প্রতি দৃষ্টি রেখে নিয়োগ প্রদান করা বাঞ্ছনীয়। সেই সাথে **জ্যেষ্ঠতার বিষয়টি বিবেচনায় রেখে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করতে হবে।**

৭। **প্রার্থীর অধীনস্থ ব্যক্তিকে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ না করা:** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৮ এর উপ-বিধি (৩) এর শর্তাংশের বিধান অনুসারে যদি কোন ব্যক্তি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীন বা পক্ষে চাকুরিতে নিয়োজিত থাকেন বা অনুরূপভাবে কোন সময় নিয়োজিত ছিলেন, তবে তাকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার নিয়োগ করা যাবে না। তাছাড়া যে সমস্ত কর্মকর্তা বা শিক্ষক/শিক্ষিকা সম্পর্কে মতবিরোধ রয়েছে, সে সকল কর্মকর্তা বা শিক্ষক/শিক্ষিকাকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ না করে প্যানেলভুক্ত অন্যান্যদের মধ্য হতে ভোটগ্রহণ কর্মকর্তা হিসাবে নিয়োগ দিতে হবে।

৮। **ভোটগ্রহণ কর্মকর্তাগণের নিয়োগপত্রঃ** রিটার্নিং অফিসারগণের সুবিধার্থে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার নিয়োগের একটি নমুনা <u>পরিশিষ্ট-ক</u> এ দেয়া হল। এ নমুনা অনুযায়ী নিয়োগপত্রের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি রিটার্নিং অফিসারকে স্থানীয়ভাবে ছাপিয়ে বা কম্পিউটারে প্রস্তুত করে নিতে হবে। উল্লেখ্য যে, এ বাবদ এবং স্থানীয়ভাবে বিভিন্ন সামগ্রী মুদ্রণ বাবদ খরচ মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হচ্ছে।

৯। **ভোটগ্রহণ কর্মকর্তাদের তালিকা প্রণয়ণ ও কমিশনে প্রেরণঃ** নির্বাচন কমিশনের সিদ্ধান্ত অনুসারে রিটার্নিং অফিসারগণকে ভোটকেন্দ্রের তালিকার ভিত্তিতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ এবং অতিরিক্ত ৫% হিসেবে নিয়োগপূর্বক নিয়োজিত কর্মকর্তাদের তালিকা অবশ্যই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। নির্বাচন কমিশনের অনুমতি ব্যতিরেকে দাখিলকৃত এ তালিকায় কোন রদবদল করা যাবে না।

১০। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বিশেষভাবে নির্ভরশীল বিধায় উক্ত কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলি যথা-ভোটদানের উদ্দেশ্যে ভোট প্রদানের পূর্বে করণীয় ও দায়িত্বাবলি, ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল ঘোষণা, নির্বাচন পর্যবেক্ষক ব্যবস্থাপনা, নির্বাচনি কাগজপত্রাদি ব্যবস্থাপনা, নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত বিষয়ে স্বল্প মেয়াদি প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। **ভোটগ্রহণ কর্মকর্তা অপসারণ বা পুনঃনিয়োগঃ** (ক) <u>প্রিজাইডিং অফিসার কর্তৃক তাৎক্ষণিক নিয়োগদান</u>: জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ৮ এর উপ-বিধি (৮) অনুসারে কোন সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার তার কর্তব্য পালনের জন্য ভোটকেন্দ্রে উপস্থিত হতে ব্যর্থ হলে, প্রিজাইডিং অফিসার তাৎক্ষণিকভাবে যে কোন ব্যক্তিকে সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন যিনি নিজে কোন প্রার্থী নন, বা কোন প্রার্থীর সাথে সম্পর্কযুক্ত নন এবং প্রিজাইডিং অফিসার কোন পোলিং অফিসারের অনুপস্থিতি, এর কারণ এবং অনুরূপ অনুপস্থিতির কারণে তদস্থলে অপর কোন ব্যক্তিকে নিয়োগের বিষয় ভোটগ্রহণ শেষ হওয়ার পর যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

(খ) <u>তাৎক্ষণিক প্রিজাইডিং অফিসার নিয়োগ</u>: অসুস্থতা বা অন্য কোন কারণে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে উপস্থিত হতে বা উপস্থিত হওয়া সত্ত্বেও তার দায়িত্ব পালনে অক্ষম হলে, প্রিজাইডিং অফিসার তার অনুপস্থিতি বা অক্ষমতার কারণ যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন এবং রিটার্নিং অফিসার সহকারী প্রিজাইডিং অফিসারগণের বা পোলিং অফিসারগণের মধ্য হতে যে কোন একজনকে উক্ত প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য ক্ষমতা প্রদান করবেন।

(গ) <u>যেকোন ভোটগ্রহণ কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান:</u> রিটার্নিং অফিসার, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করে, ভোটগ্রহণ চলাকালে যে কোন সময়, যে কোন প্রিজাইডিং অফিসার অথবা সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসারকে তার দায়িত্ব পালন হতে বিরত থাকার আদেশ দিতে পারবেন এবং উক্তরূপ আদেশ প্রদানের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

১২। **ভোটগ্রহণ কর্মকর্তাদের পরিচয়পত্রঃ** রিটার্নিং অফিসার কর্তৃক নিয়োগপ্রাপ্ত ভোটগ্রহণ কর্মকর্তাদের পরিচিতির জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে পরিচয়পত্র সরবরাহ করা হবে। সকল ভোটগ্রহণ কর্মকর্তাকে দায়িত্ব পালনকালে এ পরিচয়পত্র বহন করতে হবে।

১৩। **নির্বাচনি এজেন্ট নিয়োগঃ** (১) জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ২৪ অনুসারে চেয়ারম্যান নির্বাচনের জন্য কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী বিধি অনুসারে চেয়ারম্যান পদে নির্বাচিত হওয়ার যোগ্যতা সম্পন্ন একজন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট নিয়োগ করতে পারবেন। সংরক্ষিত আসনের সদস্য বা সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ সংরক্ষিত আসনের মহিলা সদস্য বা সদস্য নির্বাচনের জন্য যোগ্য কোন ব্যক্তিকে তার নির্বাচনি এজেন্ট নিয়োগ করতে পারবেন। উল্লেখ্য যে, প্রার্থী কর্তৃক ফরম 'জ' এ নির্বাচনি এজেন্ট নিয়োগ করে লিখিতভাবে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

১৪। **নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল সংক্রান্তঃ** বিধি ২৪ এর উপ-বিধি (৩) অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী যে কোন মুহূর্তে তাঁর নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল করতে পারবেন। নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল হলে কিংবা কোন নির্বাচনি এজেন্ট মৃত্যুবরণ করলে, প্রার্থী লিখিত নোটিশ দ্বারা নির্বাচনি এজেন্টের নিয়োগ বাতিল করবেন। প্রার্থী বিধি ২৪(১) বা ক্ষেত্রমত ২৪(২) এর বিধান অনুসারে পুনরায় অন্য কোন ব্যক্তিকে তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগ দিতে পারবেন এবং নিয়োগের বিষয়টির সঙ্গে সঙ্গে উক্ত নির্বাচনি এজেন্টের নাম, পিতার নাম এবং ঠিকানা উল্লেখ করে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

১৫। **প্রার্থী স্বয়ং নির্বাচনি এজেন্টঃ** যে ক্ষেত্রে প্রার্থী কোন নির্বাচনি এজেন্ট নিয়োগ করবেন না, সে ক্ষেত্রে প্রার্থীকেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসেবে বিবেচনা করা হবে [বিধি ২৪(৫) দ্রষ্টব্য]।

১৬। **পোলিং এজেন্ট নিয়োগঃ** জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর উপ-বিধি (১) অনুসারে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট, ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রতি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট জাতীয় সংসদের নির্বাচনি এলাকার ভোটারদের মধ্যে হতে অনধিক একজন পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। উপ-বিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসারের নিকট ভোট গ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট উক্ত ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ১ (এক) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এর ফরম 'জ-১' এ দাখিল করবেন।

১৭। **পোলিং এজেন্টদের দায়িত্ব ও কর্তব্য:** পোলিং এজেন্টগণ প্রার্থীর পক্ষে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করতে পারবেন এবং ভোটারকে সঠিকভাবে শনাক্ত করতে ভোটগ্রহণ কর্মকর্তাদের সহায়তা করবেন। ভোটকক্ষে দায়িত্ব পালনের সময় পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত ছবিসহ পোলিং এজেন্টের পরিচয়পত্র বুকে ঝুলিয়ে রাখতে হবে। উক্ত পরিচয়পত্র ছাড়াও নিয়োগপত্র এবং তার নিজস্ব জাতীয় পরিচয়পত্র সংগে রাখতে হবে।

১৮। **পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ডঃ** সহকারী প্রিজাইডিং অফিসার ফরম 'জ-২' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখবেন। কোন পোলিং এজেন্ট বিশেষ প্রয়োজনে ভোটকক্ষের বাইরে গেলে এবং আবার প্রবেশ করলে তাও ফরম-জ-২ এ রেকর্ড করবেন।

১৯। **পোলিং এজেন্টের নিয়োগ বাতিল সংক্রান্ত নোটিশঃ** পোলিং এজেন্টের নিয়োগের আদেশ প্রার্থী কিংবা তাঁর নির্বাচনি এজেন্ট যে কোন সময়ে বাতিল করতে পারেন। যদি বাতিল করা হয় কিংবা কোন পোলিং এজেন্ট মৃত্যুবরণ করে, তবে নতুন পোলিং এজেন্ট নিয়োগ করা যেতে পারে। এরূপ নিয়োগদান সম্পর্কিত পোলিং এজেন্ট নিয়োগ বাতিল সম্পর্কে প্রিজাইডিং অফিসারকে জানাতে হবে [বিধি ২৫(৪) দ্রষ্টব্য]।

২০। **পোলিং এজেন্টের অনুপস্থিতিতে ভোটগ্রহণ কার্যক্রম:** যদি কোন প্রার্থীর পোলিং এজেন্ট অনুপস্থিত থাকেন বা কোন সময় ভোটকেন্দ্র হতে চলে যান, তাহলে ভোটগ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে। এরূপ কোন কারণে কোন অবস্থাতেই ভোটগ্রহণ কার্যক্রম কোনক্রমে বন্ধ থাকবে না।

২১। **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের পরিচয়পত্রঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থী কর্তৃক নিয়োগপ্রাপ্ত নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টদের পরিচিতির জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে পরিচয়পত্র সরবরাহ করা হবে। প্রত্যেক নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণ দায়িত্ব পালনের সময় যাতে যাতে পরিচয়পত্র বহন ও ঝুলিয়ে রাখেন সে বিষয়টি নিশ্চিত করতে হবে। পোলিং এজেন্টের নিজের জাতীয় পরিচয়পত্র এবং নির্বাচন কমিশন সচিবালয় হতে সরবরাহকৃত পরিচয়পত্র ছাড়া তারা নিজেরা অন্য কোন পরিচয় পত্র বা প্রতীকের ছবি বা প্রার্থীর ছবি বহন/প্রদর্শন/ঝুলাতে পারবেন না।

২২। **ভোটগ্রহণ শেষ হওয়ার এক ঘন্টা পূর্ব হতে ভোটকক্ষ ত্যাগ না করাঃ** পোলিং এজেন্টগণ ভোটগ্রহণ শেষ হওয়ার ১ ঘন্টা পূর্ব হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন অবস্থাতেই ভোটকক্ষ ত্যাগ করতে পারবেন না।

২৩। **বিবরণীতে পোলিং এজেন্টদের স্বাক্ষর করাঃ** পোলিং এজেন্টগণ বিধি অনুযায়ী ভোটগণনার বিবরণীসহ বিভিন্ন ফরম-প্যাকেট যেখানে স্বাক্ষর করা প্রয়োজন সেখানে স্বাক্ষর করতে বাধ্য থাকবেন।

২৪। **ভোট গণনার সময় পোলিং এজেন্ট উপস্থিত থাকাঃ** ভোটগণনার সময় প্রত্যেক প্রার্থীর ১(এক) জন পোলিং এজেন্ট উপস্থিত থাকবেন। এ ক্ষেত্রে কোন পোলিং এজেন্ট ভোট গণনার সময় উপস্থিত থাকবেন তা ফরম 'জ-১' এ ভোটগণনার পূর্বেই প্রার্থী প্রিজাইডিং অফিসারকে তা জানিয়ে দিবেন। প্রিজাইডিং অফিসার সেটি যাচাই করে নিবেন এবং ভোটগণনা শুরুর পূর্বেই তাকে ভোট গণনার সময় উপস্থিত থাকার আদেশ দিবেন।

২৫। **ভোটকক্ষে মোবাইল ফোন নিষিদ্ধঃ** কোন পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্ট ভোটকক্ষে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। তাছাড়া কোন অবস্থাতেই কোন ভোটার মোবাইল নিয়ে ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না। ভোটকক্ষে ভোটার বা পোলিং এজেন্ট অথবা অন্যকোন ব্যক্তি মোবাইল ফোন নিয়ে প্রবেশ না করতে পারেন প্রিজাইডিং অফিসার এ বিষয়ে নিশ্চয়তা বিধান করবেন।

২৬। **প্রাপ্তিস্বীকারঃ** এই পরিপত্রের প্রাপ্তিস্বীকারের জন্য অনুরোধ করা হল।

৩/১০/২০২২

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: ecsemc2@gmail.com

বিতরণ: ১। জেলা প্রশাসক, ---------------------------------------------------(সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ----------(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৩। অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, --------------------------------(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৪। উপজেলা নির্বাহী অফিসার, --------------------------------------------(সংশ্লিষ্ট)
৪। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ----------------------------------(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৫। উপজেলা/থানা নির্বাচন অফিসার, ----------------------------------(সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৬৫২

তারিখ: ১৮ আশ্বিন ১৪২৯ / ০৩ অক্টোবর ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ........................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .......................... (সকল) বিভাগ
১১. অতিরিক্ত বিভাগীয় কমিশনার.......................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১২. পুলিশ কমিশনার, ..........................(সংশ্লিষ্ট)
১৩. মহাপরিচালক (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৫. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৬. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ....... .................. (সকল)
১৯. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
২৫. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

**( মোহাম্মদ আশফাকুর রহমান )**
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন: ০২-৫৫০০৭৫৫৯
Email: ecsemc2@gmail.com

পরিশিষ্ট-ক

## "রিটার্নিং অফিসারের কার্যালয়"

### জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

ভোটকেন্দ্রের নম্বর, নাম ও অবস্থানঃ ..................................................., মোট ভোটার সংখ্যাঃ ..............................
যে সকল ভোটার এলাকার ভোটারগণ ভোট দিবেনঃ ...................................., মোট বুথ (ভোটকক্ষ) এর সংখ্যাঃ...............

জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর ৮(৩) বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি এতদ্বারা নিম্নেবর্ণিত ব্যক্তিগণকে ........................... জেলা পরিষদের.............................................................. নং ওয়ার্ডের ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তাদানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসেবে নিয়োগ করছিঃ

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | পোলিং অফিসারের নাম ও পদবি | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য মনোনীত সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১।............. | ১। ......................... | ১। ......................<br>২। ...................... | ১।................................. |
| | ২। ...................... | ১। ......................<br>২। ...................... | |
| | ৩। ..................... | ১। ....................<br>২। ...................... | |
| | ৪। ..................... | ১। ......................<br>২। ...................... | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সিল

(এ অংশটুকু রিটার্নিং অফিসারকে স্বাক্ষরপূর্বক ফেরত দিতে হবে)

### ভোটগ্রহণ কর্মকর্তাদের অংগীকার নামা

ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়ে আমি ..............................................................................................,
(নাম)
..................................................................... অংগীকার করছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্বপ্রকার
(পদবি)
দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হতে মুক্ত থেকে সততা ও ন্যায়নিষ্ঠার সাথে পালন করব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬; নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী দায়ী থাকব।

তারিখঃ

...................................................................
প্রিজাইডিং/সহকারী প্রিজাইডিং /পোলিং অফিসার এর পূর্ণ নাম ও স্বাক্ষর

পরিশিষ্ট-খ

## "নির্বাচনি এজেন্ট নিয়োগপত্রের নমুনা"

## ফরম-জ

[ বিধি ২৪(৪) দ্রষ্টব্য ]

## নির্বাচনি এজেন্ট নিয়োগ

বরাবর

রিটার্নিং অফিসার

.................................. জেলা পরিষদ

বিষয়ঃ নির্বাচনি এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে......................... জেলা পরিষদের..........................ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/ সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ........................................................................ পিতা/স্বামী ........................................................................................................................ নির্বাচনি প্রতীক.....................................এর নির্বাচনি এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬ এর বিধি ২৪ অনুসারে নিম্নে বর্ণিত ব্যক্তিকে নিয়োগ করিতেছি। নিম্নে তাহার বিবরণী ও তিনটি স্বাক্ষর সত্যায়ন করিলাম:

| নির্বাচনি এজেন্টের নাম | নির্বাচনি এজেন্টের পিতা/স্বামীর নাম | মাতার নাম | নির্বাচনি এজেন্টের ঠিকানা | নির্বাচনি এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | নির্বাচনি এজেন্টের স্বাক্ষর | সত্যায়নকারী (প্রার্থী কর্তৃক) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | ১. | |
| | | | | | ২. | |
| | | | | | ৩. | |

২। উল্লিখিত ব্যক্তি বিভিন্ন ভোটকেন্দ্রের ভোট চলাকালীন ও গণনাকালীন সময়েও দায়িত্ব পালন/পর্যবেক্ষণ করিবেন।

স্থান ঃ

তারিখ ঃ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

প্রার্থীর নাম ও স্বাক্ষর এবং নির্বাচনি প্রতীক......................

পরিশিষ্ট-গ

**"পোলিং এজেন্ট নিয়োগপত্রের নমুনা"**
**ফরম-জ-১**
**[বিধি ২৫(২) দ্রষ্টব্য]**
**পোলিং এজেন্ট নিয়োগ**

পোলিং এজেন্টের ছবি

বরাবর
প্রিজাইডিং অফিসার
..................................................... ভোটকেন্দ্র

বিষয়ঃ পোলিং এজেন্ট নিয়োগ।

মহোদয়,

উপরোক্ত বিষয়ে ......................... জেলা পরিষদের ......................... ওয়ার্ডের (প্রযোজ্য ক্ষেত্রে) চেয়ারম্যান/সংরক্ষিত/সাধারণ আসনের সদস্য পদের নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ........................................................ পিতা/স্বামী........................................................................................নির্বাচনি প্রতীক ..........................এর .................................................................ভোটকেন্দ্রে পোলিং এজেন্ট হিসাবে কাজ করিবার জন্য জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৫ অনুসারে নিম্নেবর্ণিত ব্যক্তিবর্গকে নিয়োগ করিতেছি।

| ক্রমিক সংখ্যা | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেন্টের পিতা/স্বামীর নাম | পোলিং এজেন্টের ঠিকানা | পোলিং এজেন্টের ভোটার নম্বর বা জাতীয় পরিচয়পত্রের নম্বর | পোলিং এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |
| ৬. | | | | | |
| ৭. | | | | | |
| ৮. | | | | | |
| ৯. | | | | | |
| ১০. | | | | | |

২। ..............................ক্রমিকে উল্লিখিত ব্যক্তি/ব্যক্তিবর্গ উক্ত ভোটকেন্দ্রের ভোট গণনাকালীন সময়েও দায়িত্ব পালন করিবেন।

স্থান ঃ

তারিখ ঃ ___ দিন ___ মাস ___ বৎসর

প্রার্থী/নির্বাচনি এজেন্টের নাম ও স্বাক্ষর
এবং নির্বাচনি প্রতীক.................